=০৬=

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১১.০১.০৯৮.২৪ ৭৫৪ তারিখ : ১২/০১/১৪৩১ বঙ্গাব্দ
২৫/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর, হিসাব ভবন, ৩য় ফেজ (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকার ২২/০৪/২০২৪ তারিখের ৮২.১৫.০০০০.০০৪.০২.০৪.২৩/৪৩৫ নং পত্রটি প্রয়োজনীয় কার্যার্থে পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, পৃষ্ঠাংকনকৃত পত্রে বাংলাদেশ বেতারের বিভিন্ন দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের ১৪টি অগ্রিম আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৯টি আপত্তির জবাব নিরীক্ষা মন্তব্যের আলোকে পুনরায় প্রেরণ করার জন্য অনুরোধ করেছেন। এমতাবস্থায়, পৃষ্ঠাংকনকৃত পত্রের নিরীক্ষা মন্তব্যের আলোকে অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব আগামী ০২/০৫/২০২৪ তারিখের মধ্যে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের বাজেট ও অডিট শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/৪/২৪

মোঃ ফখরুল করিম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহন কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)।
৩। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৪। সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, আগারগাঁও ,ঢাকা।
৫। পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা,বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। পরিচালক, বাণিজ্যিক সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, ''বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স আগারগাঁও, ঢাকায় স্থানান্তর, নির্মাণ ও আধুনিকায়ন ১ম পর্যায় শীর্ষক প্রকল্প'' বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, বাংলাদেশ বেতারের সিলেট কেন্দ্র আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন প্রকল্প, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রংপুর।
১০। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
১১। প্রশাসনিক কর্মকর্তা, হিসাব, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২। অফিস কপি।

[বিদ্রঃ নিষ্পত্তি পত্রটি সংশ্লিষ্ট দপ্তরকে বাংলাদেশ বেতারের ওয়েবসাইট থেকে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।]

মহাপরিচালক এর কার্যালয়
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
হিসাব ভবন, ৩য় ব্লক (৩য় তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.ptstaudit.org.bd

নং-৮২.১৫.০০০০.০০৪.০২.০৪.২৩/৪৬৩৫ তারিখ: ২২-০৪-২০২৪ খ্রি.।

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ সহকারি সচিব, প্রশাসন-৩ (অডিট) শাখা]

**বিষয়: বাংলাদেশ বেতারের অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২(অংশ-২).৬০ তারিখ: ০৭-০৩-২০২৪ খ্রি.।
(২) ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২(অংশ-২).৭০ তারিখ: ২১-০৩-২০২৪ খ্রি.।
(৩) ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২(অংশ-১).৬৮ তারিখ: ১৯-০৩-২০২৪ খ্রি.।
(৪) ১৫.০০.০০০০.০১৭.০১.০০১.২২(অংশ-১).৫৩ তারিখ: ০৪-০৩-২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতার সদর দপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদনের SFI অনুচ্ছেদ এর ব্রডশীট জবাবের উপর এ কার্যালয়ের নিরীক্ষা মন্তব্য নিম্নে প্রদান করা হলো।

| ক্রঃ নং | নিরীক্ষার সাল ও অনু: নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা | নিরীক্ষা মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ SFI অনু: ০৭ | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা লঙ্ঘন করে ৫০% রিবেট প্রদান করে রেডিও জিঙ্গেল প্রচার করায় রাজস্ব ক্ষতি। | ২,২০,৮০,০০০/- | জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক রেডিও জিঙ্গেল প্রচারের ক্ষেত্রে ৫০% রিবেট প্রদানের কোন সুযোগ নাই। তাছাড়া জবাবে উল্লিখিত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের জারিকৃত আদেশের স্বপক্ষে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিপত্রের প্রমাণক প্রেরণ করা হয়নি। এক্ষেত্রে ৫০% রিবেট প্রদান করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। Rebate প্রদান করে রেডিও জিঙ্গেল প্রচার করায় রাজস্ব ক্ষতির সমুদয় অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ০২ | ২০২২-২০২৩ SFI অনু: ০৮ | জনসচেতনতামূলক রেডিও প্রোগ্রাম জিঙ্গেল প্রচার করা সত্ত্বেও চুক্তি অনুযায়ী মূল্য আদায় না করায় ২২,৮৬,০০০ টাকা এবং VAT আদায় না করায় ৩,৪২,৯০০ টাকাসহ সর্বমোট ২৬,২৮,৯০০ (ছাব্বিশ লক্ষ আটাশ হাজার নয়শত) টাকা আর্থিক ক্ষতি। | ২৬,২৮,৯০০/- | জবাব মোতাবেক চুক্তি মূল্য বাবদ ২২,৮৬,০০০ টাকা ও VAT বাবদ ৩,৪২,৯০০ টাকাসহ সর্বমোট ২৬,২৮,৯০০/- চালানের মাধ্যমে জমা করায় এবং অনলাইন চালানের কপি সঠিক হওয়ায় আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ০৩ | ২০২২-২০২৩ SFI অনু: ০৯ | বিজ্ঞাপন প্রচার ফি বাবদ প্রাপ্ত অর্থ হতে ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২৫,৩৭,১০০/- | জবাব অনুযায়ী জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল প্রচার মূল্য বাবদ পরিশোধিত ১,৬৯,১৪,০০০/-টাকার বিপরীতে নির্ধারিত ১৫% হারে মূসক বাবদ মোট ২৫,৩৭,১০০/- এজি (স্বাস্থ্য) অফিস কর্তৃক iBAS++ এর মাধ্যমে কর্তনের প্রত্যয়নপত্রের কপি প্রমাণক হিসেবে প্রেরণ করায় আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ০৪ | ২০২২-২০২৩ SFI অনু: ১০ | শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসভিত্তিক অনিয়মিত পরিশোধ। | ৭,৭২,৫৪,৩৬৮/- এর মধ্যে ১,০৯,৫১,২০০/- | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিল্পী সম্মানী খাতে বরাদ্দকৃত অর্থ শিল্পী ব্যতীত অন্য কারো নামে প্রদান করা যাবে না। এক্ষেত্রে শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে বিধি বহির্ভূতভাবে ব্যয় করা হয়েছে। শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | মাসভিত্তিতে অর্থ পরিশোধের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ০৫ | ২০২২-২০২৩ SFI অনু: ১১ | ঠিকাদারি প্রতিষ্ঠান চুক্তিমূল্যের উপর বীমা না করায় বীমা প্রিমিয়াম বাবদ ৬,৩৪,২৩১/- টাকা এবং প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ ৯৫,১৩৪/- আর্থিক ক্ষতি। | ৯,০১,৭৭২/- এর মধ্যে ৭,২৯,৩৬৫/- সিলেট প্রকল্প | চুক্তিমূল্যের উপর বীমা করার প্রমাণক প্রেরণ করায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটির পরিশিষ্ট-১১.১ (আংশিক) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ০৬ | ২০২২-২০২৩ SFI অনু: ১৩ | মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা (LD) কর্তন না করায় আর্থিক ক্ষতি | ৪৭,৪২,০৪২/- এর মধ্যে ৭,২৭,৬৯১/- সিলেট প্রকল্প | জবাব অনুযায়ী সরবরাহ প্রতিষ্ঠান কর্তৃক সময় বৃদ্ধির কপি ও ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) হিসেবে প্রকল্প পরিচালকের অনুমোদনের কপি প্রমাণক হিসেবে প্রেরণ করায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটির পরিশিষ্ট- ১৩.১ ও ১৩.২ (আংশিক) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ০৭ | ২০২২-২০২৩ SFI অনু: ১৩ | মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা (LD) কর্তন না করায় আর্থিক ক্ষতি | ৪৭,৪২,০৪২/- এর মধ্যে ৩০,৪১,২৯০/- সিলেট প্রকল্প | |
| ০৮ | ২০২২-২০২৩ SFI অনু: ১৪ | ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও Variation এর নামে অনিয়মিত ব্যয়। | ১,০২,৮৮,৯৪২/- এর মধ্যে ৪,১৬,৫৪২/- সিলেট প্রকল্প | জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ ক্ষেত্র বিশেষে ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন সাপেক্ষে ভেরিয়েশন অর্ডার অনুমোদন করা যাবে। এক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি পরিপালন না করে ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও ভেরিয়েশন অর্ডার জারী করে অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে। ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও অনিয়মিতভাবে Variation অর্ডার অনুমোদন করায় সংশ্লিষ্ট ব্যয়ের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ০৯ | ২০২২-২০২৩ SFI অনু: ১৪ | ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও Variation এর নামে অনিয়মিত ব্যয়। | ১,০২,৮৮,৯৪২/- এর মধ্যে ১২,১২,৪০০/- → সিলেট প্রকল্প | |
| ১০ | ২০২২-২০২৩ SFI অনু: ০২ | গাড়ি ভাড়া সংক্রান্ত উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) যোগ্য কাজকে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে ক্রয় অনুমোদন ও চুক্তি সম্পাদন করায় অনিয়মিত ব্যয়। | ১৭,৯৯,৭০০/- ঢাকা কেন্দ্র | জবাব অনুযায়ী আপত্তির বিষয়ে ভবিষ্যতে গাড়ি ভাড়ার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) পদ্ধতি অনুসরণপূর্বক গাড়ি ভাড়া করা হবে মর্মে প্রত্যয়নপত্র প্রেরণ করায় আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ১১ | ২০২২-২০২৩ SFI অনু: ১০ | শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসভিত্তিক অনিয়মিত পরিশোধ। | ৭,৭২,৫৪,৩৬৮/- এর মধ্যে ২,২৩,৪৬,৪০০/- ঢাকা কেন্দ্র | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিল্পী সম্মানী খাতে বরাদ্দকৃত অর্থ শিল্পী ব্যতীত অন্য কারো নামে প্রদান করা যাবে না। এক্ষেত্রে শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে বিধি বহির্ভূতভাবে ব্যয় করা হয়েছে। শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসভিত্তিতে অর্থ পরিশোধের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১২ | ২০২২-২০২৩ SFI অনু: ১২ | রয়্যালিটি বাবদ অর্থ নির্ধারিত কোড (অন্যান্য রয়্যালিটি- ১৪১৫১৯৯) হতে প্রদান না করে কোড নং- ৩২১১১২৩ (অন্যান্য সম্পদের ভাড়া) হতে ২৯,৩৭,০০৮ (উনত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার আট) টাকা অনিয়মিত পরিশোধ। | ২৯,৩৭,০০৮/- এর মধ্যে ১৯,৪৭,৩৫২/- ঢাকা কেন্দ্র | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ১২/০১/২০২০ তারিখের ১৫.৫৩.০০০০.০১১.২০.০১১.১৯-২২৪ সংখ্যক পত্র মোতাবেক বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র ও ইউনিটের গীতিকার ও নাট্যকারদের সম্মানীর বিল ৪৯৯২ রয়্যালিটি/রেভিনিউ শেয়ার কোডের পরিবর্তে নতুন অর্থনৈতিক কোড- ৩২১১১২৩ অন্যান্য সম্পদের ভাড়া কোড থেকে পরিশোধ করার নির্দেশ থাকায় জবাব ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | প্রমাণকের আলোকে আপত্তিটির পরিশিষ্ট-১২.১ (আংশিক) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| [illegible] | ২০২২-২০২৩ SFI অনু: ০৫ | নিজস্ব শিল্পীদের বেতন ভাতা/ সম্মানীর চেক ডিডিও এর নামে পরিশোধ করায় অনিয়মিত ব্যয়। | ৬৩,৭৯,১৭২/- রংপুর | তথ্য মন্ত্রণালয়, বেতার-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৮-০৮-২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২২.৩১.০২৩.১৮-৩২৫ এবং বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ০৮-০৮-২০১৯ তারিখের ১৫.৫৩.০০০০.০১৩.১১.০৬১.১৯.১৬২ মোতাবেক নিজস্ব শিল্পীদের অন্তর্ভুক্তির কপি এবং বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ২৫/০৯/২০১৮ তারিখের ১৫.৫৩.০০০০.০১১.২০.০১১.১৮-২৭ ও ১৬/০৯/২০১৯ তারিখের স্মারক নম্বর ১৫.৫৩.০০০০.০১১.০৭.০০২.১৯.১০/১(৬) মোতাবেক ব্যাংক এডভাইসের মাধ্যমে অনিয়মিত শিল্পীদের নিজ নিজ ব্যাংক হিসাবে পরিশোধ করার প্রমাণক প্রেরণ করায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ১৪ | ২০২২-২০২৩ SFI অনু: ০৬ | অর্গানোগ্রাম বহির্ভূত ১১জন নিজস্ব শিল্পীকে বেতন ভাতা বাবদ অনিয়মিত পরিশোধ। | ৫০,৪৭,৭৮৪/- রংপুর | জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ অর্গানোগ্রামের ভিত্তিতে জনবল নিয়োগের নির্দেশনা রয়েছে। কিন্তু এক্ষেত্রে নির্দেশনার ব্যত্যয় করে অর্গানোগ্রাম বহির্ভূত নিজস্ব শিল্পীকে বেতন ভাতা পরিশোধ করে অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে। অর্গানোগ্রাম বহির্ভূত নিজস্ব শিল্পীকে বেতন ভাতা বাবদ অনিয়মিতভাবে পরিশোধের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১৫ | ২০২২-২০২৩ SFI অনু: ১০ | শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসিক ভিত্তিতে ২,৪৩,৪৮,৭৬৮ অনিয়মিত পরিশোধ। | ৭,৭২,৫৪,৩৬৮/- এর মধ্যে ২,৪৩,৪৮,৭৬৮/- রংপুর | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিল্পী সম্মানী খাতে বরাদ্দকৃত অর্থ শিল্পী ব্যতীত অন্য কারো নামে প্রদান করা যাবে না। এক্ষেত্রে শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে বিধি বহির্ভূতভাবে ব্যয় করা হয়েছে। শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসভিত্তিতে অর্থ পরিশোধের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| [illegible] | ২০২২-২০২৩ SFI অনু: ১২ | কোড নং - ৩২১১১২৩ (অন্যান্য সম্পদের ভাড়া) হতে রয়্যালিটি বাবদ (অন্য কোডের) ৯,৮৯,৬৫৬ (নয় লক্ষ উননব্বই হাজার ছয়শত ছাপ্পান্ন) টাকা অনিয়মিত পরিশোধ। | ২৯,৩৭,০০৮/- এর মধ্যে ৯,৮৯,৬৫৬/- রংপুর | বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ১২/০১/২০২০ তারিখের ১৫.৫৩.০০০০.০১১.২০.০১১.১৯-২২৪ সংখ্যক পত্র মোতাবেক বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র ও ইউনিটের গীতিকার ও নাট্যকারদের সম্মানীর বিল ৪৮৯২-রয়্যালিটি/রেভিনিউ শেয়ার কোডের পরিবর্তে নতুন অর্থনৈতিক কোড- ৩২১১১২৩ অন্যান্য সম্পদের ভাড়া কোড থেকে পরিশোধ করার নির্দেশ থাকায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটির পরিশিষ্ট-১১.২ নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং- ১২তে অনুঃ নং- ১২ এর পরিশিষ্ট – ১২.১ নিষ্পত্তি করা হয়েছে। এমতাবস্থায় SFI অনুঃ নং-১২( সম্পূর্ণ আপত্তি) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | ২০২২-২০২৩ SFI অনু: ১৪ | ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও Variation এর নামে অনিয়মিত ব্যয়। | ১,০২,৮৮,৯৪২/- এর মধ্যে ৮৬,৬০,০০০/- | জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ ক্ষেত্র বিশেষে ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন সাপেক্ষে ভেরিয়েশন অর্ডার অনুমোদন করা যাবে। এক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি পরিপালন না করে ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও ভেরিয়েশন অর্ডার জারী করে অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে। ড্রয়িং ও ডিজাইন পরিবর্তন না হওয়া সত্ত্বেও অনিয়মিতভাবে Variation অর্ডার অনুমোদন করায় সংশ্লিষ্ট ব্যয়ের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| ১৮ | ২০২২-২০২৩ SFI অনু: ০৩ | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (BSCL) এর Transponder service fee ও uplink charge পরিশোধ না করায় দায় দেনা সৃষ্টি। | ৮৩,৪৯,০০০/- | বাংলাদেশ বেতারের অনুষ্ঠান স্যাটেলাইটে সম্প্রচারের জন্য স্যাটেলাইট ট্রান্সপন্ডারের ভাড়াসহ অন্যান্য ফি বিএসসিএল-কে পরিশোধের প্রামাণক প্রেরণ করায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ১৯ | ২০২২-২০২৩ SFI অনু: ০৪ | পরিমাপ বহিতে কাজের পরিমাপ এন্ট্রি না করে ঠিকাদারগণকে বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয়। | ৮,৯২,৪০০/- | জবাব অনুযায়ী ৩টি কেন্দ্রের চাহিদাপত্র, স্ব স্ব কেন্দ্রে কাজ বুঝিয়া পাওয়ার প্রত্যয়ন পত্র এবং পরিমাপ বইয়ের কপি প্রমাণক হিসেবে প্রেরণ করায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ২০ | ২০২২-২০২৩ SFI অনু: ১১ | ঠিকাদারি প্রতিষ্ঠান চুক্তিমূল্যের উপর বীমা না করায় বীমা প্রিমিয়াম বাবদ ১,৪৯,৯২০ টাকা এবং প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ ২২,৪৮৭ টাকাসহ সর্বমোট ১,৭২,৪০৭ (এক লক্ষ বাহাত্তর হাজার চারশত সাত) টাকা আর্থিক ক্ষতি। | ৯,০১,৭৭২/- এর মধ্যে ১,৭২,৪০৭/- | আপত্তিতে উল্লিখিত ৩টি কাজের মধ্যে ২টি কাজ স্থানীয় দরপত্রের (PG3) মাধ্যমে ক্রয় সম্পন্ন করা হয় এবং সরবরাহ সঠিকভাবে বুঝে নেওয়ার পর মূল্য পরিশোধ করা হয় বিধায় বীমার প্রয়োজন হয়নি। অবশিষ্ট একটি কাজের জন্য এল/সি খোলা হয়েছে এবং বীমা কভারেজের জন্য সাধারণ বীমা কর্পোরেশন বরাবর পত্র প্রেরণ করার কপি থাকায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তির পরিশিষ্ট-১১.২ নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং- ০৫এ অনুঃ নং- ১১ এর পরিশিষ্ট – ১১.১ নিষ্পত্তি করা হয়েছে। এমতাবস্থায় SFI অনুঃ নং-১১( সম্পূর্ণ আপত্তি) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ২১ | ২০২২-২০২৩ SFI অনু: ১৩ | মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা (LD) কর্তন না করায় আর্থিক ক্ষতি | ৪৭,৪২,০৪২/- এর মধ্যে ৯,৭৩,১০৬/- | জবাব অনুযায়ী সরবরাহ প্রতিষ্ঠান কর্তৃক সময় বৃদ্ধির কপি এবং ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) হিসেব মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের কপি ও উক্ত সময়ের মধ্যে কার্যাদেশ অনুযায়ী কাজটি সমাপ্ত করণের প্রত্যয়ন পত্র প্রমাণক হিসেবে প্রেরণ করায় জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটির পরিশিষ্ট-১৩.৩ ও ১৩.৪ নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং- ০৬ ও ০৭ এ অনুঃ নং- ১৩ এর পরিশিষ্ট – ১৩.১ ও ১৩.২ নিষ্পত্তি করা হয়েছে। এমতাবস্থায় SFI অনুঃ নং- ১৩( সম্পূর্ণ আপত্তি) নিষ্পত্তি হিসেবে গণ্য করা হলো। |
| ২২ | ২০২২-২০২৩ SFI অনু: ০১ | সংবাদ সরবরাহ বাবদ সেবার বিল চাঁদার কোড (৩২১১১১২) হতে পরিশোধ করায় অনিয়মিত ব্যয়। | ৯,০৯,০০০/- | জবাব অনুযায়ী কেন্দ্রীয় বার্তা সংস্থা বাংলাদেশ বেতার, ঢাকার ২০২২-২০২৩ অর্থ বছরের নির্ধারিত কোড (৩২১১১১২) চাঁদা খাত হতে বরাদ্দকৃত অর্থ পরিশোধ করা হয়েছে। চুক্তি সম্পাদিত হওয়ার পর থেকেই বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ও ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ (ইউএনবি) কে উক্ত চাঁদা খাত হতে অর্থ পরিশোধ করা হয়েছে বিধায় অর্থের কোন অপচয় না |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | হওয়ায় আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গন্য করা হলো। |
| ২৩ | ২০২২-২০২৩<br>SFI<br>অনু: ১০ | শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসিকভিত্তিতে অনিয়মিত পরিশোধ। | ৭,৭২,৫৪,৩৬৮/<br>এর মধ্যে<br>১,৯৬,০৮,০০০/- | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিল্পী সম্মানী খাতে বরাদ্দকৃত অর্থ শিল্পী ব্যতীত অন্য কারো নামে প্রদান করা যাবে না। এক্ষেত্রে শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে বিধি বহির্ভূতভাবে ব্যয় করা হয়েছে।শিল্পী সম্মানী খাত হতে অনুষ্ঠানের বিভিন্ন কাজে সহযোগিতাকারীদের নামে মাসভিত্তিতে অর্থ পরিশোধের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

(ফিরোজ আহমেদ)
উপ-পরিচালক
ফোন: ০২২২৬৬৬৩৭০২
তারিখ: ২২-০৪-২০২৪ খ্রি.।

নং-৮২.১৫.০০০০.০০৪.০২.০৪.২৩/৪৬৫
**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
২। অফিস কপি।
৩। গার্ড ফাইল।

(মোছাঃ জেসমিন আরা বেগম)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা